

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ভবন, রমনা, ঢাকা-১০০০
www.wewb.gov.bd

নং-৪৯.০৪.০০০০.০০৪.১৮.১১৬.১৮- ৪৪৮

তারিখ: ১৪ মার্চ ২০১৯

বিষয় : ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের ফেব্রুয়ারি ২০১৯ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি
মহাপরিচালক (অতিরিক্ত সচিব), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।

স্থান : ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর সম্মেলন কক্ষ।

তারিখ ও সময় : ০৭ মার্চ ২০১৯, সময় : সকাল- ১০.০০ টা।

উপস্থিতি : পরিশিষ্ট “ক”।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর, সভাপতির অনুমতিক্রমে পরিচালক (অর্থ ও কল্যাণ) গত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন এবং বিগত সভার কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হওয়ায় তা দৃষ্টিকরণ করা হয়। বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা হয় এবং বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

ক্রম	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
১.০	আর্থিক অনুদান ও ক্ষতিপূরণ সংক্রান্ত নির্ধারিত “ছক” এ প্রদত্ত তথ্যের উপর আলোচনা।	প্রবাসী কর্মীর পরিবারকে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে আর্থিক অনুদান ও বিদেশস্থ নিয়োগকর্তার নিকট হতে প্রদত্ত মৃত্যুজনিত ক্ষতিপূরণ, বকেয়া বেতন ও অন্যান্য পাওনাদি বিতরণ সংক্রান্ত নির্ধারিত “ছক” অনুযায়ী বিগত ফেব্রুয়ারি ২০১৯ মাসের প্রাপ্ত তথ্যের উপর বিস্তারিত আলোচনা হয়। মহাপরিচালক বিগত মাসের প্রাপ্ত কেইসের চেয়ে নিষ্পত্তির পরিমাণ বেশী হওয়ার সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।	প্রাপ্ত কেইসের চেয়ে নিষ্পত্তির পরিমাণ বেশী হওয়ায় মহাপরিচালক সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন এবং এর ধারাবাহিকতা ধরে রাখার জন্য নির্দেশনা প্রদান করেন।	পরিচালক (অর্থ ও কল্যাণ) ও পরিচালক (আইআরপি)
২.০	মৃতের পরিবারের অনুকূলে মঞ্জুরীকৃত অর্থ ইএফটি (EFT) এর মাধ্যমে প্রদান ও এতদসংক্রান্ত অন্যান্য কার্যাদি।	ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে প্রদত্ত মঞ্জুরীকৃত অর্থ ইএফটি’র মাধ্যমে মৃত কর্মীর পরিবারের একাউন্টে সরাসরি প্রদানের বিষয়ে হিসাব শাখা হতে সংশ্লিষ্ট সকল জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস(ডিইএমও)কে পত্রের মাধ্যমে অবহিতকরণের বিষয়ে আলোচনা হয়। প্রবাসে মৃত কর্মীর পরিবারকে মঞ্জুরীকৃত অর্থ প্রদান সংক্রান্ত ইএফটি সিস্টেম চালু হওয়ায় এখন থেকে প্রস্তাবিত নথিসমূহে “চেকের” পরিবর্তে “ইএফটি” শব্দটি উল্লেখপূর্বক নথি উপস্থাপন করার জন্য পরিচালক (অর্থ ও কল্যাণ) সভায় আলোচনা করেন। এছাড়াও মালয়েশিয়া ও মালদ্বীপ এ প্রবাসে মৃত কর্মীর পরিবারকে আর্থিক অনুদান প্রদানের বিষয়ে ইতঃপূর্বে গৃহীত সিদ্ধান্তে জন্ম তারিখ ১৯৮৫ এর পূর্বে হলেও বিদেশ গমনের স্থায়ী বিবেচনা করে আর্থিক অনুদান প্রদানের বিষয়ে আলোচনা হয়।	(ক) ইএফটির মাধ্যমে মৃত কর্মীর পরিবারের একাউন্টে সরাসরি অর্থ প্রদানের বিষয়ে হিসাব শাখা হতে সংশ্লিষ্ট সকল জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (ডিইএমও)-কে পত্রের মাধ্যমে অবহিত করতে হবে। (খ) এতদবিষয়ে প্রস্তাবিত নথিসমূহে “চেকের” পরিবর্তে “ইএফটি” শব্দটি উল্লেখপূর্বক নথি উপস্থাপন করতে হবে। (গ) মালয়েশিয়া ও মালদ্বীপ এ প্রবাসে মৃত কর্মীর পরিবারকে আর্থিক অনুদান প্রদানের বিষয়ে ইতঃপূর্বে গৃহীত সিদ্ধান্তে জন্ম তারিখ ১৯৮৫ এর পূর্বে হলেও বিদেশ গমনের সন, তারিখ বিবেচনা করে আর্থিক অনুদান প্রদান করতে হবে।	পরিচালক (অর্থ ও কল্যাণ) ও পরিচালক (আইআরপি) -ঐ- -ঐ-
৩.০	জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (ডিইএমও) এর সাথে মতবিনিময় সভা।	বিগত সভার সিদ্ধান্ত মোতাবেক প্রবাসী কর্মীর পরিবারকে দ্রুত ও সহজে সেবা প্রদানের লক্ষ্যে জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (ডিইএমও) এর সাথে অনুষ্ঠেয় মতবিনিময় সভা এ মাসে অর্থাৎ মার্চ ২০১৯ এর ১৯ থেকে ২২ তারিখের মধ্যে যে কোনো তারিখ নির্ধারণপূর্বক সভা অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে মহাপরিচালক নির্দেশনা প্রদান করেন।	প্রবাসী কর্মীর পরিবারকে দ্রুত ও সহজে সেবা প্রদানের লক্ষ্যে জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (ডিইএমও) এর সাথে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের অনুষ্ঠেয় মতবিনিময় সভা এ মাসে অর্থাৎ মার্চ ২০১৯ এর ১৯ থেকে ২২ তারিখের মধ্যে যে কোনো তারিখ নির্ধারণপূর্বক সভা অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)

